



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৮৭.১৯- ৬০০৭/৩

তারিখ : ২৫/০৮/১৪২৬ বঙ্গাব্দ  
৩০/০৭/২০১৯ খ্রিস্টাব্দ


- বিষয় : অধ্যক্ষ পদে নিয়োগে তথ্য গোপন এবং সরকারি বিধি লঙ্ঘন করে শিক্ষার্থীদের নিকট থেকে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন এম.পি.ও বাতিল করা হবে না এ বিষয়ে কারণ দর্শানো নোটিশ।
- সূত্র : (১) দুর্নীতি দমন কার্যালয়ের পত্র নং ০৪.১৯০০.৬২৫.২৬.০১০.১৮-২৩৬৯৯ তারিখ : ৩১/০৭/২০১৮ খ্রি.  
(২) তদন্ত কর্মকর্তার ২০/১২/২০১৮ তারিখের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কার্যালয়ের ৩১/০৭/২০১৮ তারিখের ০৪.১৯০০.৬২৫.২৬.০১০.১৮-২৩৬৯৯ নং পত্রের নির্দেশনা অনুসারে জনাব মো: আব্দুর রহিম, অধ্যক্ষ, বাঞ্জারামপুর ডিগ্রি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে অধ্যক্ষ পদে নিয়োগ এবং আর্থিক অনিয়মের অভিযোগগুলো মাউশি থেকে তদন্ত করা হয়। তদন্ত কর্মকর্তার মতামত নিম্নরূপ :

- (১) জনাব মো: আব্দুর রহিম বাঞ্জারামপুর কলেজে অধ্যক্ষ পদে আবেদন ও যোগদানের সময় পূর্ববর্তী কলেজে সাময়িক বরখাস্ত থাকা এবং মামলা চলমান থাকার বিষয়টি গোপন রেখেছিল। অধ্যক্ষ পদে যোগদানকালে পূর্ববর্তী কলেজের ছাড়পত্র জমা দেয়ার বাধ্যবাধকতা থাকলেও জনাব মো: আব্দুর রহিম বর্তমান প্রতিষ্ঠানে যোগদানের সময় পূর্ববর্তী কলেজের ছাড়পত্র জমা দেননি। যোগদানের ২ বছরের অধিককাল পর পূর্ববর্তী কলেজের ছাড়পত্র জমা দেন যা বিধিসম্মত হয়নি।
- (২) ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণের সময় কিছু কিছু খাতে বোর্ড নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ আদায়ের প্রমাণ পাওয়া গিয়াছে। যেমন : নম্বর ফর্দ ফি ৫০ টাকার স্থলে ১০০ টাকা, সনদপত্র ফি ১০০ টাকার স্থলে ১৫০ টাকা আদায় করা হয়েছে। তাছাড়া অনলাইন প্রসেসিং ফি ১০০ টাকা করা হয়েছে।
- (৩) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনলাইনের মাধ্যমে ১৮৫ টাকা রেজি: ফি বোর্ডের অনুকূলে প্রদান করে ভর্তি নিশ্চয়ন করেছে। কিন্তু পরবর্তীতে কলেজের ভর্তির সময় পুনরায় শিক্ষার্থীদের নিকট হতে ২০০ টাকা রেজি: ফি বাবদ আদায় করা হয়েছে যা অবৈধ।

জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(খ)ও (গ) ধারা অনুযায়ী সরকারের নির্দেশনা প্রতিপালন না করলে এবং মিথ্যা তথ্য প্রদান করলে এম.পি.ও বাতিল/স্থগিত করা হবে।

এমতাবস্থায়, আপনি জনাব মো: আব্দুর রহিম অধ্যক্ষ পদে নিয়োগের সময় পূর্ববর্তী প্রতিষ্ঠানের চলমান মামলার তথ্য গোপন করেছেন, বিধি অনুযায়ী অধ্যক্ষ পদে যোগদানের সময় পূর্ববর্তী প্রতিষ্ঠানের ছাড়পত্র প্রদান করেননি এবং বোর্ড নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(খ)ও (গ) ধারা অনুযায়ী আপনার এম.পি.ও কেন বাতিল করা হবে না এ বিষয়ে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd



জনাব মো: আব্দুর রহিম  
অধ্যক্ষ  
বাঞ্জারামপুর ডিগ্রি কলেজ  
বাঞ্জারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
- ০২। সভাপতি, গভর্নিং বডি, বাঞ্জারামপুর ডিগ্রি কলেজ, বাঞ্জারামপুর, ব্রাহ্মণবাড়িয়া;
- ০৩। সংরক্ষণ নথি।